

# কীভাবে সাইক্লোন বা ঘূর্ণিঝড়ের পূর্ব-প্রস্তুতি নেয়া যায়

| | | |
|---|---|---|
| আপনার বাড়িটি আরো শক্তপোক্ত ও মজবুত করুন। বাড়ির ভিত উঁচু হতে হবে। বাড়ির মূল কাঠামো, দেয়াল এবং চাল সঠিকভাবে বাঁধা আছে কিনা এবং সেগুলো তার বা দড়ি দিয়ে মজবুতভাবে বাঁধা রয়েছে কিনা তা নিশ্চিত করুন। | ঘরের আশেপাশে পানি নিষ্কাশনের ভালো ব্যবস্থা থাকতে হবে। খাড়া ঢাল এবং পথচলার মূল রাস্তাগুলো পরিষ্কার রাখুন। রাস্তা এবং সিঁড়িগুলো যাতে বৃষ্টির পানিতে ক্ষয়ে যেতে না পারে বা পানি জমে বন্যার সৃষ্টি না হয় সেদিকে খেয়াল রাখুন। | আপনার ঘরের কাছাকাছি আলগা টিনের শিট বা এ ধরনের হালকা কিন্তু ধারালো কোনো জিনিস, ঝড়ের সময় উড়ে গিয়ে যেনো জানমালের ক্ষতি করতে না পারে। এগুলো আগে থেকেই নিরাপদ স্থানে সরিয়ে ফেলুন। |
| আপনার মূল্যবান জিনিসগুলো, যেমন: পরিচয় পত্র, রেশন কার্ড ইত্যাদি ভালোমতো প্লাস্টিকে মুড়ে নিরাপদ স্থানে রাখুন। | আপনার পরিবারে সবাই ঘূর্ণিঝড়ের জন্য আগে থেকেই প্রস্তুত আছে কিনা তা নিশ্চিত করুন এবং ঝড়ের সময় আশ্রয় নেয়ার জন্য সবচেয়ে নিরাপদ আশ্রয়টি খুঁজে বের করুন। পরিবারের লোকজনদের একসাথে রাখুন এবং ঝড়ের সময় কেউ বিচ্ছিন্ন হয়ে পড়লে পুনরায় মিলিত হওয়ার জন্য একটি নির্দিষ্ট জায়গা আগে থেকেই ঠিক করে রাখুন। | সবাই মিলে আলোচনা করে এমন একটা পরিকল্পনা করুন যাতে আশেপাশের সবার, বিশেষ করে বয়স্ক, শিশু, অসুস্থ, গর্ভবতী নারী এবং প্রতিবন্ধী যারা আছেন তাদের খেয়াল রাখা সম্ভব হয়। ঝড়ের পর মানুষজন যাতে একে অন্যকে সহজেই খুঁজে পেতে পারে সেজন্য একত্রিত হওয়ার একটি নিরাপদ স্থান নির্ধারণ করুন। |
| ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচীর (সিপিপি) ভলেন্টিয়াররা কমলা রঙের হাতাকাটা কোটি/অ্যাপ্রন পরা থাকবেন। তারা সাইক্লোন সম্পর্কে সবাইকে আগাম সতর্ক করবেন। অতএব, আপনিও আগাম সতর্কতা সংকেত পাবেন। | ক্যাম্পে কোনো সাইক্লোন সেন্টার বা ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র নেই। তাছাড়া, এতো লোকজনকে অন্যত্র সরিয়ে নেয়ারও কোনো উপায় নেই। তাই প্রস্তুতির ক্ষেত্রে কোনো ত্রুটি রাখা যাবে না। ঘূর্ণিঝড় হলে, ক্ষয়-ক্ষতির পরিমাণ যাতে কম হয় সেজন্য সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যেতে হবে। | নিজে সতর্ক থাকুন, অন্যকে সতর্ক করুন। রেডিও, তথ্য কেন্দ্র এবং ভলেন্টিয়ারদের আগাম সতর্কবাণী এবং বার্তাগুলি মনোযোগ দিয়ে শুনুন। |



# কীভাবে সাইক্লোন বা ঘূর্ণিঝড়ের পূর্ব-প্রস্তুতি নেয়া যায়

আপনার বাড়িটি আরো শক্তপোক্ত ও মজবুত করুন। বাড়ির ভিত উঁচু হতে হবে। বাড়ির মূল কাঠামো, দেয়াল এবং চাল সঠিকভাবে বাঁধা আছে কিনা এবং সেগুলো তার বা দড়ি দিয়ে মজবুতভাবে বাঁধা রয়েছে কিনা তা নিশ্চিত করুন।



# কীভাবে সাইক্লোন বা ঘূর্ণিঝড়ের পূর্ব-প্রস্তুতি নেয়া যায়

ঘরের আশেপাশে পানি নিষ্কাশনের ভালো ব্যবস্থা থাকতে হবে। খাড়া ঢাল এবং পথচলার মূল রাস্তাগুলো পরিষ্কার রাখুন। রাস্তা এবং সিঁড়িগুলো যাতে বৃষ্টির পানিতে ক্ষয়ে যেতে না পারে বা পানি জমে বন্যার সৃষ্টি না হয় সেদিকে খেয়াল রাখুন।



# কীভাবে সাইক্লোন বা ঘূর্ণিঝড়ের পূর্ব-প্রস্তুতি নেয়া যায়

আপনার ঘরের কাছাকাছি আলগা টিনের শিট বা এ ধরনের হালকা কিন্তু ধারালো কোনো জিনিস, ঝড়ের সময় উড়ে গিয়ে যেনো জানমালের ক্ষতি করতে না পারে। এগুলো আগে থেকেই নিরাপদ স্থানে সরিয়ে ফেলুন।



# কীভাবে সাইক্লোন বা ঘূর্ণিঝড়ের পূর্ব-প্রস্তুতি নেয়া যায়

আপনার মূল্যবান জিনিসগুলো, যেমন: পরিচয় পত্র, রেশন কার্ড ইত্যাদি ভালোমতো প্লাস্টিকে মুড়ে নিরাপদ স্থানে রাখুন।



# কীভাবে সাইক্লোন বা ঘূর্ণিঝড়ের পূর্ব-প্রস্তুতি নেয়া যায়

আপনার পরিবারে সবাই ঘূর্ণিঝড়ের জন্য আগে থেকেই প্রস্তুত আছে কিনা তা নিশ্চিত করুন এবং ঝড়ের সময় আশ্রয় নেয়ার জন্য সবচেয়ে নিরাপদ আশ্রয়টি খুঁজে বের করুন। পরিবারের লোকজনদের একসাথে রাখুন এবং ঝড়ের সময় কেউ বিচ্ছিন্ন হয়ে পড়লে পুনরায় মিলিত হওয়ার জন্য একটি নির্দিষ্ট জায়গা আগে থেকেই ঠিক করে রাখুন।



# কীভাবে সাইক্লোন বা ঘূর্ণিঝড়ের পূর্ব-প্রস্তুতি নেয়া যায়

সবাই মিলে আলোচনা করে এমন একটা পরিকল্পনা করুন যাতে আশেপাশের সবার, বিশেষ করে বয়স্ক, শিশু, অসুস্থ, গর্ভবতী নারী এবং প্রতিবন্ধী যারা আছেন তাদের খেয়াল রাখা সম্ভব হয়। ঝড়ের পর মানুষজন যাতে একে অন্যকে সহজেই খুঁজে পেতে পারে সেজন্য একত্রিত হওয়ার একটি নিরাপদ স্থান নির্ধারণ করুন।



# কীভাবে সাইক্লোন বা ঘূর্ণিঝড়ের পূর্ব-প্রস্তুতি নেয়া যায়

ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচীর (সিপিপি) ভলেন্টিয়াররা কমলা রঙের হাতাকাটা কোটি/অ্যাপ্রন পরা থাকবেন। তারা সাইক্লোন সম্পর্কে সবাইকে আগাম সতর্ক করবেন। অতএব, আপনিও আগাম সতর্কতা সংকেত পাবেন।



# কীভাবে সাইক্লোন বা ঘূর্ণিঝড়ের পূর্ব-প্রস্তুতি নেয়া যায়

ক্যাম্পে কোনো সাইক্লোন সেন্টার বা ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র নেই। তাছাড়া, এতো লোকজনকে অন্যত্র সরিয়ে নেয়ারও কোনো উপায় নেই। তাই প্রস্তুতির ক্ষেত্রে কোনো ত্রুটি রাখা যাবে না। ঘূর্ণিঝড় হলে, ক্ষয়-ক্ষতির পরিমাণ যাতে কম হয় সেজন্য সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যেতে হবে।


WB
FM 87 90 94 98 102 106 108 MHz
AM 52 70 90 110 130 150 170 KHz
TUN
TUNING
VOL
WB AM FM
OFF

## কীভাবে সাইক্লোন বা ঘূর্ণিঝড়ের পূর্ব-প্রস্তুতি নেয়া যায়

নিজে সতর্ক থাকুন, অন্যকে সতর্ক করুন। রেডিও, তথ্য কেন্দ্র এবং ভলেন্টিয়ারদের আগাম সতর্কবাণী এবং বার্তাগুলি মনোযোগ দিয়ে শুনুন।